দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 5 APR 2013 ...
পৃষ্ঠা ... কলাম ...

# শিক্ষক-শিক্ষার্থীদের আন্দোলনে উত্তাল কুমিল্লা বিশ্ববিদ্যালয়

## ভিসি-কর্মকর্তারা দিনভর অবরুদ্ধ

■ কুমিল্লা প্রতিনিধি

৭ দফা দাবি আদায়ে শিক্ষক ও ৫ দফা দাবিতে ছাত্র আন্দোলনের মুখে উত্তাল কুমিল্লা বিশ্ববিদ্যালয় (কুবি)। শিক্ষক আন্দোলনের কারণে দীর্ঘদিন ধরে ছাত্রদের বন্ধ থাকা ক্লাস-পরীক্ষা চালু, সেশনজট কমানোসহ ৫ দফা দাবিতে শিক্ষকদের পাশাপাশি গতকাল বৃহস্পতিবার সকালে শিক্ষার্থীরা ক্যাম্পাসে দফায় দফায় বিক্ষোভ মিছিল করে। এছাড়া প্রশাসনিক ভবনের প্রধান ফটকসহ ভিতরের কলাপসিবল গেটগুলোতে তালা লাগিয়ে উপাচার্যসহ (ভিসি) সংশ্লিষ্ট কর্মকর্তাদেরকে দিনভর অবরুদ্ধ করে রাখা হয়। বৃহস্পতিবার বিকাল পর্যন্ত ভিসি ড. আমির হোসেন খানসহ কর্মকর্তাদেরকে তাদের কক্ষে অবরুদ্ধ অবস্থায় রেখে বিক্ষুব্ধ শিক্ষার্থীরা দফায় দফায় বিক্ষোভ মিছিল করছিল।

কুবি শিক্ষক সমিতির ব্যানারে গত ২৪ ফেব্রুয়ারি থেকে প্রথমে ৫ দফা দাবি আদায়ের লক্ষ্যে আন্দোলনে নামে শিক্ষকরা। পরবর্তীতে গত ১০ মার্চ ভিসি কর্তৃক তাদের দাবি পূরণের মৌখিক আশ্বাসের ভিত্তিতে শিক্ষকরা ক্লাসে ফিরে যান। দাবি না মানায় গত ২৭ মার্চ থেকে শিক্ষকরা তাদের আরো ২ দফা দাবিসহ ৭ দফা দাবি নিয়ে পুনরায় আন্দোলন শুরু করে।